

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩২০৩(আগরতলা ৪।১০)

আগরতলা, ৪ অক্টোবর, ২০২৩

**সাস্টেনেবল ডেভেলপমেন্ট : এন অ্যাফোর্ট টুওয়ার্ডস এ বেটার টুমরো শীর্ষক প্রদর্শনী  
সুস্থায়ী উন্নয়নের মধ্য দিয়ে উন্নত ভবিষ্যৎ গড়ে তোলা সম্ভব : মুখ্যমন্ত্রী**

সুস্থায়ী উন্নয়নের মধ্য দিয়ে উন্নত ভবিষ্যৎ গড়ে তোলা সম্ভব। এজন্য চাই সকলের সম্মিলিত প্রচেষ্টা। আজ আগরতলার হলিক্রস স্কুল প্রাঙ্গণে আয়োজিত ‘সাস্টেনেবল ডেভেলপমেন্ট : এন অ্যাফোর্ট টুওয়ার্ডস এ বেটার টুমরো’ শীর্ষক প্রদর্শনী ও প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ভারতের সভাপতিত্বে জি-২০’র মূল ভাবনা ছিল ‘বসুধৈব কুটুম্বকম’ আমাদের মনে করিয়ে দেয় আমরা এক বিশ্ব, এক পরিবার ও এক ভবিষ্যতের অংশ। আমাদের এই প্রাচীন দর্শনেও প্রতিফলিত হয় পৃথিবী একটি পরিবার এবং একে অপরের সাথে যুক্ত ও নির্ভরশীল। জি-২০ সম্মেলনে শক্তিশালী, সুস্থায়ী, অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন ও ভারসাম্যপূর্ণ বৃদ্ধি বিষয়গুলিতে প্রাধান্য দেওয়া হয়েছিল যা আমাদের ভাবনা ও নীতির সাথে সম্পৃক্ত। অর্থনৈতিক সমৃদ্ধি সহ সুস্থায়ী, অন্তর্ভুক্তিমূলক ও বাস্তুতন্ত্রের ভারসাম্য বজায় রাখতে উপযুক্ত পরিবেশ গড়ে তোলার জন্য সকলকে সংকল্পবদ্ধ হওয়ার আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, হলিক্রস স্কুলের এই ধরনের উদ্যোগ শিক্ষা প্রতিষ্ঠানগুলির ভবিষ্যৎ প্রজন্মের প্রতি দায়িত্ববোধ ও সচেতনতাকেই প্রতিফলিত করে। ইন্টার স্কুল সায়েন্স এবং হিউম্যানিটিস প্রদর্শনী ও প্রতিযোগিতায় আগরতলার প্রায় ১৫টি স্কুল অংশগ্রহণ করেছে। প্রদর্শনী ও প্রতিযোগিতায় উপস্থাপিত উদ্ভাবনী বিষয়গুলি তরুণদের মেধা ও দক্ষতা বিকাশে অনুপ্রেরণা যোগাবে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সুস্থায়ী, ভারসাম্যপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক একটি সুন্দর ভবিষ্যৎ গড়ার জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন হলিক্রস এডুকেশন ফাউন্ডেশনের সেক্রেটারি ফাদার জর্জ জেকব। স্বাগত বক্তব্য রাখেন হলিক্রস স্কুলের প্রিন্সিপাল ফাদার জিলসন টম। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন স্কুলের ভাইস প্রিন্সিপাল ফাদার এ জি পল। অনুষ্ঠান উপলক্ষে বিদ্যালয় প্রাঙ্গণে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

\*\*\*\*\*